



স্মারক নং : ০২/সি.সি.সি. ২০২৪/৫২৬

Ref No.


তারিখ : ২৭.০৫.২০২৪

Date:

**ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে D ইউনিটের
অন্তর্ভুক্ত বিভাগসমূহে শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি এবং ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনাবলী**

- ১ম মেধা তালিকা: গত ১২/০৫/২০২৪ তারিখে প্রকাশিত ইসলামী বিশ্ববিদ্যালয়ের "D" ইউনিটের ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪ এর ফলাফল ইতোমধ্যে অনলাইন এবং অফলাইনে প্রচারিত হয়েছে। উপর্যুক্ত ফলাফলের ভিত্তিতে ৩২০টি আসনের জন্য ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের (মেধাক্রমানুসারে) সাক্ষাৎকার আগামী ০১/০৬/২০২৪ তারিখ হতে ০৩/০৬/২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন (সকাল ৯.০০টা থেকে বিকাল ৪.০০ টা) সময়ে অনুঘদ ভবনের ৪র্থ তলায় "D" ইউনিটের সমন্বয়কারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকার সভায় উপস্থিতির ভিত্তিতে চূড়ান্ত ভর্তির অনুমতিপত্র প্রদান করা হবে এবং প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সাক্ষাৎকারের দিন থেকে ০৯/০৭/২০২৪ তারিখ (অফিস চলাকালীন সকাল ৯:০০ টা হতে বিকাল ৪:০০ টা) এর মধ্যে প্রাপ্ত বিভাগ থেকে ভর্তি ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করত: বিভাগীয় সভাপতি, ডিন মহোদয় ও হল প্রভোস্টের স্বাক্ষরসহ সকল প্রকার ফি পরিশোধ করে একাডেমিক শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। উক্ত সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে পরবর্তীতে ভর্তি হওয়ার আর কোনো সুযোগ থাকবে না।
২. ১ম মেধা তালিকার ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর কোন শিক্ষার্থী বিভাগ পরিবর্তন করতে চাইলে আগামী ১০-০৭-২০২৪ তারিখ হতে ১৩-০৭-২০২৪ তারিখ পর্যন্ত আবেদন করতে পারবে। আবেদনের যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমা দিতে হবে।
৩. আসন খালি থাকা সাপেক্ষে ২য় মেধা তালিকার প্রার্থীদের সাক্ষাৎকার আগামী ১৪-০৭-২০২৪ তারিখ হতে ১৫-০৭-২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন (সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা) সময়ে অনুঘদ ভবনের ৪র্থ তলায় "D" ইউনিটের সমন্বয়কারীর অফিসকক্ষে অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকার সভায় উপস্থিতির ভিত্তিতে চূড়ান্ত ভর্তির অনুমতিপত্র প্রদান করা হবে এবং প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সাক্ষাৎকারের দিন থেকে আগামী ১৬/০৭/২০২৪ তারিখের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উক্ত সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে পরবর্তীতে ভর্তি হওয়ার আর কোনো সুযোগ থাকবে না।
৪. আসন খালি থাকা সাপেক্ষে ৩য় মেধা তালিকার প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময় পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.iu.ac.bd) বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।
৫. ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই সাক্ষাৎকার সভায় উপস্থাপন করতে হবে।
 - ভর্তি পরীক্ষার হলের পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র।
 - মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড, মার্কশীট এবং সার্টিফিকেট অথবা সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রশংসাপত্র।
 - সদ্য তোলা আট (০৮) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
৬. ক্লাস গুরুত্ব বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

বিঃ দ্রঃ উপরোক্ত বিজ্ঞপ্তি পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষেত্রে ইউনিট কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


১২/২৭/০৫/২৪
(এইচ. এম. আলী হাসান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।
